"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

**খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ১ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তালুকদার আব্দুল খালেক<br>মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন। |
| পরিচালনায় | : | জনাব লস্কার তাজুল ইসলাম<br>প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ ও দিনক্ষণ | : | ১০/১১/২০২২, বৃহস্পতিবার, বিকাল ৩-০০টা |
| সভার স্থান | : | শহীদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'গ' |

সভার শুরুতে সভাপতি মহোদয়ের নির্দেশনায় প্রথমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করার জন্য ক্বারী মোঃ রফিকুল ইসলামকে অনুরোধ জানালে তিনি পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তরজমা করেন। অতপর প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠনের মূল উদ্দেশ্যে হচ্ছে সিটি কর্পোরেশন এলাকার মধ্যে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, এর মাধ্যমে মনিটরিং এবং জনগণের মাঝে যে সব সেবা দেয়া হয় সে সম্পর্কে জনগণকে সচেতন করা। কর্পোরেশন এলাকায় উন্নয়নে নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ, বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের মাধ্যমে তথ্যসমূহ নাগরিকদের গোচরীভূত করা, বাজেট প্রণয়নে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত ও প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য, নাগরিক সুবিধার্থে খুলনা সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স ডিজিটালাইজড করা হচ্ছে। যেন নাগরিকগণ নির্বিঘ্নে তাদের বিলসমূহ পরিশোধ করতে পারেন। বর্জ্য ব্যবস্থাপনা ও বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আইন শৃঙ্খলা বিষয়টিও মাথায় রাখতে হবে। সব মিলিয়ে খুলনা সিটি কর্পোরেশন সকলকে নিয়ে আমরা যেন বাসযোগ্য একটি এলাকা গড়ে তুলতে পারি তাই আমাদের মূল কাম্য। এ কমিটিতে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয় সভাপতি, প্রধান নির্বাহী কর্মকর্তা, বিভাগীয় প্রধানগণ, সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরবৃন্দ, বিভিন্ন পেশাজীবি প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, মিডিয়া প্রতিনিধি, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিনিধি রয়েছে। এটা CLCC-এর ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে। উল্লেখ্য যে, খুলনা সিটি কর্পোরেশনে CDCC নামে কোন কমিটি নেই। এই CLCCই CDCC হিসেবে একই জাতীয় কার্যক্রম পরিচালনা করবে।

এ পর্যায়ে আলোচ্যসূচি-১ অনুযায়ী এ কমিটির সকলকেই নিজের পরিচয় তুলে ধরার জন্য তিনি অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজেদের পরিচয় প্রদান করেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক বলেন, সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। আলোচ্যসূচি-২ সম্পর্কে তিনি বলেন, কোভিড-১৯ এর কারণেই খুলনা এলাকায় অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে। কোভিড-১৯ এর কারণে বিশেষ করে যেসব এলাকায় বেশি মৃত্যু হয়েছে সেসব এলাকায় সরকার উন্নয়নের জন্য গুরুত্ব দিয়েছে। কোভিড সংক্রান্ত বিষয়ে খুলনা ভাল অবস্থানে আছে। এটা বিদেশী প্রজেক্ট। এ প্রজেক্টে তিন বছরে মোট ৭৫.২২ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। ছয়মাস পর পর কিস্তিতে ১২.৫৩ কোটি টাকা করে বরাদ্দ পাওয়া যাবে। তাই পর্যায়ক্রমে এ প্রকল্পের ছোট ছোট বিভিন্ন উন্নয়ন করা হবে। গঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটিতে সরকারি নির্দেশনার আলোকে যে সব প্রতিনিধি রাখতে হবে তিনি তাদের ধরণ ও সংগঠন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করেন এবং বলেন, এ কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন কাজ মনিটরিং এবং দেখভাল করবে। তিনি আরো বলেন, এ শহরে বসবাস করে সবাই শহরের অবস্থা জানে। লোকাল গভর্ণমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিসিআরআরপি) সম্পর্কে বিস্তারিত তুলে ধরার জন্য তিনি কেসিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) জনাব মশিউজ্জামান খানকে অনুরোধ জানান।

জনাব মশিউজ্জামান খান,তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) কেসিসি বলেন, এই প্রকল্পটির নাম হলো লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রিসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (LGCRRP)। এই প্রজেক্ট এর ফাইন্যান্স করছে World Bank এবং এর মেয়াদ হচ্ছে জানুয়ারি ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৫। ইতোমধ্যে এই প্রকল্প অনুমোদন হয়ে গেছে এবং এলজিইডি'র একজন প্রকৌশলী প্রজেক্ট ডিরেক্টর হিসেবে কাজ করছেন। এ প্রকল্পের অনেক বড় গাইড লাইন আছে। সেই অনুযায়ী এই প্রকল্পটি কেসিসি'র সাধারণ সভায় অনুমোদিত হয়েছে এবং ইতোমধ্যে এ প্রকল্প গ্রহণের বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ প্রকল্পের নামে পৃথক ব্যাংক হিসাবও খোলা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। আশা করা যাচ্ছে পরবর্তী পনের দিনের মধ্যে ১ম কিস্তির ১২.৫৩ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। এই প্রকল্পের অধীনে মাননীয় মেয়র মহোদয় নিজেই সরেজমিনে অনেক জায়গায় ঘুরে তিনি বেশ কিছু উপ-প্রকল্প বাছাই করেছেন এবং সেগুলোর এষ্টিমেট চলছে। মাননীয় মেয়র মহোদয় কর্তৃক বাছাইকৃত উপ-প্রকল্পগুলোর মধ্যে খালিশপুর চিত্রালী মার্কেট আছে যার বেজমেন্ট এবং ১ম তলার অল্প কিছু কাজ করা হয়েছিল, তারপর আর কাজ করা হয়নি। এ কাজটা করা খুবই জরুরি। এ বিল্ডিংটি এখন একতলা পর্যন্ত করা যেতে পারে। খালিশপুর চিত্রালী কিচেন মার্কেটসহ সংযোজনী 'ক' ও 'খ'-তে প্রথম পর্যায় (জানুয়ারি-জুন, ২০২৩) এবং ২য় পর্যায় (জুলাই-ডিসেম্বর ২০২৩) এর প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের তালিকা অনুমোদনের আশায় উপস্থাপন করা হয়।

জনাব মোঃ মুন্সি মাহবুব আলম সোহাগ, সম্পাদক, দৈনিক দেশ সংযোগ বর্ণিত উপ-প্রকল্পগুলোর এষ্টিমেট করার পর অতিরিক্ত টাকা থাকলে স্বাস্থ্য বিষয়ক প্রকল্প দেয়ার বিষয়ে মেয়র মহোদয়ের উপর দায়িত্ব ন্যস্ত থাকার প্রস্তাবে একমত পোষণ করেন।

জনাব এম.ডি এ বাবুল রানা, সাধারণ সম্পাদক, খুলনা মহানগর আওয়ামীলীগ, জিন্নাহ পাড়া রোড উন্নয়ন এ প্রকল্পের মধ্যে আছে কিনা জানতে চান। তিনি এই কমিটির সাফল্য কামনা করেন।

জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩ কেসিসি বলেন, খুলনা শহরের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ/প্রতিনিধিদের নিয়ে CLCC গঠন করা হয়েছে বিধায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ শহরের ক্রিম মানুষগুলো নিয়ে তিনি উক্ত কমিটি গঠন করেছেন। এ কমিটিতে মুক্তিযোদ্ধা, এনজিও প্রতিনিধি, বিভিন্ন পেশার লোক, আইনজীবি, সাংস্কৃতিক অঙ্গনের মানুষসহ বিভিন্ন পর্যায়ের লোক অন্তর্ভুক্ত রয়েছে। তিনি কেসিসি'র চলমান উন্নয়ন কাজগুলো সকলকে তদারকি বা খেয়াল রাখার জন্য অনুরোধ জানান। এর পাশাপাশি কোভিড-১৯ খাতে যেহেতু টাকা বরাদ্দ আছে সেহেতু স্বাস্থ্য খাতকে আরো শক্তিশালী করা উচিত। স্বাস্থ্য খাতে যেসব ইনস্ট্রুমেন্ট দরকার তা না থাকায় কোভিড-১৯ এর সময় অনেক ক্ষেত্রে মানুষ প্রাইভেটভাবে চিকিৎসা নিয়েছে। প্রয়োজনীয় ইনস্ট্রুমেন্ট থাকলে সিটি কর্পোরেশন ঐ সময় আরো ভূমিকায় যেতে পারতো। তবে ঐ সময় মেয়র মহোদয়ের নেতৃত্বে সম্মানিত কাউন্সিলরদের সাথে নিয়ে জীবনের ঝুঁকিসহ রাত-দিন দৌড়ে প্রত্যেক ওয়ার্ডে কাজ করেছেন।

জনাব মল্লিক আবিদ হোসেন কবির, সেক্রেটারী, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, খুলনা সিটি ইউনিট, খুলনা বলেন, মাননীয় মেয়র মহোদয় খুলনাস্থ রেড ক্রিসেন্ট সভাপতি। কোভিড-১৯ এর সময় তাঁর নেতৃত্বে সারা খুলনাতে অক্সিজেন এবং এ্যাম্বুলেন্স দিয়ে মানুষের সাহায্যে রেড ক্রিসেন্ট এর পক্ষ থেকে এগিয়ে আসা হয়েছে। রেড ক্রিসেন্ট সিটি কর্পোরেশনের একটা অংশ বলা যায়। রেড ক্রিসেন্টে অক্সিজেন সিলিন্ডার এবং ইকুইপমেন্ট যা আছে তাতে আপাততঃ সাময়িকভাবে পরিস্থিতি সামাল দেয়া সম্ভব, তবে পরিস্থিতি বেশি খারাপ হলে তখন বিবেচনা করা যাবে।

জনাব বিরেন্দ্র নাথ ঘোষ, সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, খুলনা মহানগর, তাকে CLCC কমিটিতে অন্তর্ভুক্ত করায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। পরিলক্ষিত খুলনায় কবরস্থানের উন্নয়নের এবং শ্মশানের জন্য বরাদ্দ দেয়ার পাশাপাশি খ্রিষ্টান সম্প্রদায়ের সমাধিগুলোর বিষয়ে একটু খেয়াল নেয়ার অনুরোধ জানান।

(২৭৭২)



**জনাব লিয়াকত হোসেন, সভাপতি, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি**, খুলনা মহানগর কমিটির সভাপতি, এই প্রকল্পের অধীনে শিক্ষা প্রতিষ্ঠানে ছেলে-মেয়েদের সুস্বাস্থ্য ও কোভিডমুক্ত রাখার জন্য ছোট খাটো প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান। যেমন-স্বাস্থ্য সম্মত শ্রেণীকক্ষ তৈরি, ফার্স্ট ব্লক, বাচ্চাদের নিরাপদে বিচরণ ব্যবস্থা, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা ইত্যাদি।

**জনাব মশিউজ্জামান খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)** কেসিসি বলেন, ওয়ার্ল্ড ব্যাংক এর গাইড লাইনে বলা আছে সিটি কর্পোরেশনের মালিকানাধীন প্রতিষ্ঠান হলে প্রকল্প দেয়া যাবে, অন্যথায় নয়।

**জনাব এনামুল হক বাচ্চু, সেক্রেটারী, আব্বাস উদ্দিন একাডেমী, খুলনা** সাংস্কৃতিক প্রতিনিধি হিসেবে এ কমিটিতে অন্তর্ভূক্ত করার জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন, করোনাকালীন দুই বছরে করোনার কারণে সাংস্কৃতিক জগতে অনেক বেশি ক্ষতি হয়েছে। সুস্থ্য নগরী বা সুস্থ্য সাংস্কৃতিক চর্চা বিকাশ কেন্দ্র থাকলে সেখানে অনেক কিছুর সমাধান হয়। তাই ভবিষ্যতে সাংস্কৃতি বিকাশ কেন্দ্রের জন্য এ প্রকল্পের মধ্যে সম্ভব না হলে অন্য প্রকল্পে তাদের জন্য কিছু করার চিন্তা ভাবনার জন্য তিনি অনুরোধ জানান।

**জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব)**, কেসিসি বলেন, CLCC -এর এটা ১ম সভা। মূলত: ওয়ার্ড পর্যায়ে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠিত আছে। ওয়ার্ডের যে সব বিষয়গুলো আছে ওয়ার্ড লেভেল কমিটির মাধ্যমে সেগুলো উঠে আসবে। CLCC কমিটিতে সকল শ্রেণীর পেশার মানুষদেরকে নিয়ে অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রয়োজনে এ কমিটিতে সদস্য সংখ্যা বাড়ানো যাবে। সরকারি নির্দেশনায় আছে সর্বোচ্চ ৮০ জন পর্যন্ত এ কমিটিতে রাখা যাবে। যেহেতু সব শ্রেণীর পেশার লোককে নিয়ে এ কমিটি গঠিত সেহেতু যে কোন সমস্যা/তথ্য মেয়র মহোদয় পর্যন্ত পৌছাতে হবে তাহলে সহজে তার সমাধান হবে।

**জনাব এস, এম জাহিদ হোসেন, স্টাফ রিপোর্টার, বাসস খুলনা** বলেন, খুলনাস্থ শের-এ বাংলা রোড থেকে গল্লামারী পর্যন্ত মেয়র মহোদয়ের নেতৃত্বে যে ফোর-লেন হচ্ছে তার কিছু অংশ যেখানে সন্ধ্যা বাজার ছিল সেখানে অবৈধ দখলমুক্ত করা স্থানগুলোতে কিছু রিপেয়ার করা দরকার। যদি বাজেট থাকে অথবা ভবিষ্যতে কোন প্রকল্পে সেগুলো অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান। তাছাড়া খুলনা ও সোনাডাঙ্গা থানার অন্তর্গত কেডিএ এভিনিউ রোডে পিটিআই যেতে বাম হাতে ডাস্টবিন থাকা সত্ত্বেও রাস্তার উপর ময়লা ফেলায়, সাত রাস্তা মোড় থেকে সোনাডাঙ্গা পর্যন্ত ৩/৪টি স্থানে এবং সাবেক স্পিকার রাজ্জাক আলীর বাড়ির অপজিটে যেখানে পেপার বিক্রি হয় সেখানে আধুনিক কোন ডাস্টবিন নির্মাণ করা যায় কিনা বিবেচনায় রাখার প্রস্তাব করেন।

**মোসা: রোকাইয়া খলিফা, চেয়ারপারসন, সিডিসি ক্লাস্টার, ওয়ার্ড নং-৫** বলেন, দরিদ্র মানুষের প্রতিনিধি হিসেবে তাকে কমিটিতে সদস্য রাখার জন্য ধন্যবাদ জানান। তাদের ওয়ার্ডে দত্তবাড়ি পুকুরের জায়গা এখন বেশিরভাগই মানুষের দখলে। তিনি পুকুরটা সংস্কার করে চারপাশে বাচ্চাদের বিনোদন মূলক স্থান তৈরি করার অনুরোধ জানান।

**মাননীয় মেয়র মহোদয়** বলেন, পিটিআই মোড় থেকে বা ময়লাপোতা থেকে পাবলিক হল পর্যন্ত ডাস্টবিন তৈরি করার জায়গা পেলে এ্যাকোয়ার করে নিয়ে ডাস্টবিন করা যাবে। জায়গা না পেলে ডাস্টবিন করা সমস্যা। কেডিএ বাণিজ্যিক প্লট বা আবাসন করার সময় ময়লা ফেলার জন্য কোন জায়গার সংস্থান রাখে না। যার কারণে ময়লা ফেলার জায়গা বা ডাস্টবিন তৈরি করা যায় না। এ সমস্যাগুলো কেডিএ সৃষ্টি করছে। বাড়ির প্লান পাশ করার ক্ষেত্রে এখন থেকে ময়লা ফেলার জায়গা না রাখলে কেডিএ যেন প্লান পাশ না করে সেই পরামর্শ দেয়া হয়েছে। কেডিএ-কে এ বিষয়টি সম্পর্কে বলার জন্য সাংবাদিকবৃন্দকে অনুরোধ জানান। তিনি আরো বলেন, দত্তবাড়ি পুকুর সম্পর্কে তার ভাল জানা আছে। পুকুরের জায়গাটি অধিগ্রহণ করে সেখানে পার্ক করে দেয়ার চিন্তা-ভাবনা করা হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, কেসিসি এলাকার সকল ওয়ার্ডে ব্যাপক উন্নয়ন কাজ চলমান। কিছু উন্নয়ন কাজের ওয়ার্ক অর্ডার হয়েছে, আর কিছু কাজের ওয়ার্ক অর্ডার দেয়া বাকি আছে। আরো উন্নয়ন কাজের টেন্ডার হচ্ছে। আবহাওয়া ভাল থাকলে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের মধ্যে খুলনার সকল উন্নয়ন কাজ প্রায়গুলো সম্পন্ন হবে। এরপরও যদি আরো কোন উন্নয়ন কাজ বাকি থাকে তবে উপস্থিত সদস্যবৃন্দের প্রস্তাবে এই প্রকল্পের অধীনে সীমাবদ্ধতার মধ্যে যতদূর সম্ভব উন্নয়ন করার চেষ্টা করা হবে। এই প্রকল্পের মেয়াদ তিন বছর অর্থাৎ ২০২৫ সাল পর্যন্ত। তাই ২০২৫ সালের মধ্যে পর্যায়ক্রমে উন্নয়ন কাজ করা হবে। তবে কেসিসি'র উন্নয়ন প্রকল্পভূক্ত থাকলে সেগুলো এ প্রকল্পে করা হবে না। বিশ্বব্যাংকের টাকায় চিত্রালী বাজার ও তৎসংলগ্ন খালিশপুর

১৮নং রোড নির্মাণ করা হচ্ছিল। করোনার সময় শ্রমিকরা কাজ করতে চায়নি বিধায় চিত্রালী বাজার মার্কেট নির্মাণ সম্পন্ন করা সম্ভব হয়নি। সেই জন্য বিশ্বব্যাংক চিত্রালী বাজার প্রকল্পের কাজ বাতিল করেছিল। ঐ বাজারটি নির্মাণ সম্পন্ন না করলে দোকানদাররা ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফেলে রাখলে নির্মিত ফাউন্ডেশনও নষ্ট হয়ে যাবে। তাই চিত্রালী বাজার এ প্রকল্পের অন্তর্ভূক্ত করা হয়েছে। পর্যায়ক্রমে চিত্রালী বাজারের বিল্ডিং নির্মাণের বাকি কাজ শেষ করা হবে। এছাড়া মিস্ত্রিপাড়া বাজারও এ প্রকল্পের অন্তর্ভূক্ত করা হয়েছে। এবার সেটা এক তলা করা হবে, পরে তিন তলা করা হবে। কেসিসি'র স্বাস্থ্য খাতকে আরো শক্তিশালী করার জন্য অন্য একটি প্রকল্প থেকে বরাদ্দ আনার চেষ্টা চলছে। খ্রিষ্টান সম্প্রদায়ের আরো একটি সমাধিস্থল করার জন্য জায়গা অধিগ্রহণ করার জন্য বলা হয়েছে। এ কমিটির সদস্যদের পরামর্শ অনুযায়ী ছোট ছোট রাস্তা-ঘাটের উন্নয়ন পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে মর্মে অভিমত ব্যক্ত করে তিনি সভার সমাপ্তি ঘোষনা করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | লোকাল গভর্ণমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট এর আওতায় ১ম পর্যায় (জানুয়ারি-জুন, ২০২৩) এবং ২য় পর্যায় (জুলাই-ডিসেম্বর ২০২৩) এর সংযোজনী 'ক' ও 'খ' মোতাবেক প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | পূর্ত বিভাগ |
| ২ | খ্রীষ্টান সম্প্রদায়ের জন্য জমি অধিগ্রহণ পূর্বক নতুন সমাধিস্থল নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.22-২৩৪৬(৮)

তারিখ-১০/১১/২০২২খ্রিঃ

অনুলিপি :

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। ............................................
৩। বিভাগীয় প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৪। ............................................
৫। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬। ............................................
৭। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২৭১৪

সংযোজনী- ক

## লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি)

- খুলনা সিটি কর্পোরেশনের আওতাধীন প্রথম পর্যায়ে (জানুয়ারি-জুন২০২৩) বাস্তবায়নের জন্য উপ-প্রকল্প সমূহের তালিকাঃ

বরাদ্দকৃত অর্থ:-১২৫৩৮২৫০৩ টাকা

উপ-প্রকল্প সমূহ:-

১। খালিশপুর চিত্রালী কিচেন মার্কেট নির্মাণ

২। দেয়ানা উত্তরপাড়া কবরস্থানের উন্নয়ন

৩। বসুপাড়া কবরস্থানের উন্নয়ন

৪। নিরালা কবরস্থানের উন্নয়ন

৫। হাজী মালেক কবরস্থানের উন্নয়ন

৬। দেয়ানা মোড়লপাড়া কবরস্থানের উন্নয়ন

৭। মহেশ্বরপাশা কবরস্থানের উন্নয়ন

৮। রুপসা শশ্মানের উন্নয়ন

৯। মিস্ত্রীপাড়া বাজারের উন্নয়ন

১০। খালিশপুর ১৩১ নং রোড উন্নয়ন

১১। আব্দুল খালেক সড়ক বাইলেন (এল এম) ও মুজাহিদপাড়া ৩নং গলি উন্নয়ন এবং মন্টুর গলি উন্নয়ন

১২। কবি জসীম উদ্দীন সড়ক শেষ অংশ

১৩। চানমারি মোহাম্মাদিয়া জামে মসজিদের পাশে কালভার্ট ও মতিয়াখালী দক্ষিণ খালপাড় রোডের কালভার্ট নির্মাণ

১৪। যশোর রোড বাইলেন (মিতা বাগচির গলি) উন্নয়ন

১৫। ইসলামপাড়া ১ম গলি উন্নয়ন

১৬। হাজী মেহের আলী রোড (পুরাতন সান্ধ্য বাজার রোড, ইসলামপুর রোড থেকে কেডিএ এভিনিউ পর্যন্ত) উন্নয়ন

১৭। মোবাইল স্বাস্থ্য-সেবার জন্য একটি অত্যাধুনিক এ্যাম্বুলেন্স ক্রয়

১৮। নুরনগর ডায়াবেটিস হাসপাতালের (পুরাতন করোনা ডেডিকেটেড হাসপাতাল) অভ্যন্তরে ড্রেন নির্মাণ, হ্যান্ড ওয়াশিং ফ্যাসিলিটিস স্থাপন ও টয়লেট সংস্কার

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন

২৭১৫

পরিশিষ্ট 'গ'

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

১০/১১/২০২২খ্রিঃ তারিখ বিকাল ০৩-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (CLCC) সভায় উপস্থিতি :

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্রঃ নং | নাম |
|---|---|
| ১ | জনাব লস্কার তাজুল ইসলাম<br>প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)<br>খুলনা সিটি কর্পোরেশন<br>ও<br>সদস্য-সচিব<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২ | জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন<br>সভাপতি,<br>নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটি<br>ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩ | জনাব মোঃ মুনিরুজ্জামান<br>সভাপতি,<br>শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা<br>ব্যবস্থা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর,<br>ওয়ার্ড নং-১২, কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৪ | জনাব এস,এম খুরশিদ আহম্মেদ<br>সভাপতি,<br>বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর,<br>ওয়ার্ড নং-১৩, কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৫ | জনাব মোঃ আজমুল হক<br>সচিব<br>খুলনা সিটি কর্পোরেশন<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

| ক্রঃ নং | নাম |
|---|---|
| ৬ | জনাব মোঃ মনজুরুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী<br>খুলনা সিটি কর্পোরেশন<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৭ | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>খুলনা সিটি কর্পোরেশন<br>খুলনা।<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৮ | জনাব মো: মনিরুজ্জামান<br>বাজেট কাম একাউন্টস অফিসার<br>খুলনা সিটি কর্পোরেশন<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৯ | ডা: স্বপন কুমার হালদার<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>খুলনা সিটি কর্পোরেশন<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১০ | জনাব অধ্যাপক মোঃ আলমগীর কবির<br>কমান্ডার,<br>খুলনা মহানগর ইউনিট কমান্ড<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, খুলনা।<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১১ | জনাব এস,এম জাহিদ হোসেন<br>স্টাফ রিপোর্টার,<br>বাসস, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

2719



| ক্রঃ নং | নাম |
|---|---|
| ১২ | জনাব মোঃ মুন্সি মাহবুব আলম সোহাগ<br>সম্পাদক,<br>দৈনিক দেশ সংযোগ,<br>জাহান মঞ্জিল, বেনীবাবু রোড, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১৩ | জনাব এম ডি এ বাবুল রানা<br>সাধারণ সম্পাদক,<br>খুলনা মহানগর আওয়ামী লীগ, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১৪ | জনাব শহিদুল হক মিন্টু<br>অধ্যক্ষ,<br>আহসান উল্লাহ কলেজ, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১৫ | জনাব মকবুল হোসেন মিন্টু<br>সহ-সভাপতি,<br>খুলনা মহানগর আওয়ামী লীগ,<br>টুটপাড়া সেন্ট্রাল রোড, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)<br>মোবাইল-০১৭১১৩৯৮৭১৮ |
| ১৬ | জনাব মোঃ আইয়ুব আলী শেখ<br>আইনজীবী,<br>জেলা আইনজীবী সমিতি, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১৭ | জনাব নাজমুল আহমেদ স্বপন<br>আহবায়ক,<br>নাগরিক ফোরাম, খানজাহান আলী রোড, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

২৭১৮



| ক্রঃ নং | নাম |
|---|---|
| ১৮ | জনাব স্বপন গুহ<br>প্রধান নির্বাহী,<br>রূপান্তর, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ১৯ | জনাব মাসুদ মাহমুদ,<br>সদস্য, খুলনা মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি,<br>বাবুখান রোড, খুলনা,<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)<br>মোবাইল-০১৭১২৫৯০৯৭৮ |
| ২০ | জনাব তানভীর আহমেদ চৌধুরী<br>ইন্টেরিয়াম প্রজেক্ট ম্যানেজার,<br>সিডব্লিউ আই এসই, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২১ | জনাব কামরুল ইসলাম বাবলু<br>সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক,<br>মহানগর আওয়ামী লীগ, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২২ | জনাব আবু মোজাফ্ফর মাহমুদ<br>রিজিওনাল কো-অর্ডিনেটর,<br>আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম,<br>ব্র্যাক, রোড নং-৯, হাউজ নং-১৫০<br>সোনাডাঙ্গা আবাসিক এলাকা, ১ম ফেজ, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)<br>মোবাইল-০১৭০৮৪৯৮৫৫৫ |
| ২৩ | জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু<br>মেয়র প্যানেলের সদস্য ও<br>সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

| ক্রঃ নং | নাম |
|---|---|
| ২৪ | মিসেস রেকসনা কালাম লিলি<br>সম্মানিত কাউন্সিলর,<br>সংরক্ষিত আসন নং-১০, কেসিসি।<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২৫ | এ্যাড. সেলিনা আক্তার পিয়া<br>সদস্য-সচিব,<br>নাগরিক ফোরাম, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২৬ | জনাব হাজেরা খাতুন<br>যুগ্ম সাধারণ সম্পাদক,<br>সিডিসি ফেডারেশন, কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২৭ | মোসাঃ রোকাইয়া খলিফা<br>চেয়ারপারসন,<br>সিডিসি ক্লাস্টার (ওয়ার্ড নং-৫), কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২৮ | জনাব তনজিদা বানু শিউলি<br>চেয়ারপারসন,<br>সিডিসি ক্লাস্টার (ওয়ার্ড নং-১৭), কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ২৯ | জনাব রিপন হাওলাদার<br>ক্যাশিয়ার,<br>সিডিসি ক্লাস্টার (ওয়ার্ড নং-২১), কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

| ক্রঃ নং | নাম |
|---|---|
| ৩০ | জনাব রীতা আলম<br>চেয়ারপারসন,<br>সিডিসি ক্লাস্টার (ওয়ার্ড নং-২৯), কেসিসি<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩১ | জনাব কাজি আমিনুল হক<br>সভাপতি<br>খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩২ | জনাব এ্যাড. মোঃ সাইফুল ইসলাম<br>সভাপতি<br>জেলা আইনজীবী সমিতি, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩৩ | জনাব লিয়াকত হোসেন<br>সভাপতি,<br>বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি, খুলনা মহানগর<br>পিডব্লিউডি হাইস্কুল, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩৪ | হাফেজ মাওলানা আবুল খায়ের মোহাম্মদ জাকারিয়া,<br>অধ্যক্ষ,<br>খুলনা আলিয়া মাদ্রাসা, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩৫ | জনাব আজমল হক<br>পরিচালক,<br>ইসলামিক ফাউন্ডেশন, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

২৭/১১



| ক্রঃ নং | নাম |
|---|---|
| ৩৬ | হাফেজ মোঃ ইমরান উল্লাহ<br>খতিব,<br>বায়তুন নুর জামে মসজিদ কমপ্লেক্স, খুলনা,<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)<br>মোবাইল-০১৭১৬১০৬৩০৬ |
| ৩৭ | জনাব বিরেন্দ্র নাথ ঘোষ<br>সভাপতি,<br>হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ঐক্য পরিষদ, খুলনা মহানগর,<br>সিমেট্রি রোড, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩৮ | জনাব মল্লিক আবিদ হোসেন কবির<br>সেক্রেটারী,<br>বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, খুলনা সিটি ইউনিট, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৩৯ | জনাব হালিমা ইসলাম<br>সাধারণ সম্পাদক<br>মহিলা ক্রীড়া সংস্থা, খুলনা জেলা, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |
| ৪০ | জনাব এনামুল হক বাচ্চু<br>সেক্রেটারী,<br>আব্বাস উদ্দিন একাডেমী, স্যার ইসকাল রোড বাইতিপাড়া, খুলনা<br>ও<br>সদস্য<br>সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) |

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন